

মজলিস খোদামুল আহমদীয়া, বাংলাদেশ।

জেলা ভিত্তিক জাতীয় ফুটবল টুর্নামেন্ট ২০১৫

### নিয়ম-নীতি

১. এ টুর্নামেন্ট নক-আউট ভিত্তিতে অনুষ্ঠিত হবে।
২. হাল নাগাদ তাজনীদ অনুসারে খেলোয়ার তালিকা তৈরি করতে হবে। খেলোয়ার অবশ্যই খোদাম হতে হবে।
৩. প্রত্যেক দলের ১৫ জনের খেলোয়ার থাকবে। একজন ম্যানেজার ও একজন কোচ থাকবেন। ম্যানেজার ও কোচ আনসার থেকে হতে পারবেন। খাদেমের স্বল্পতানুসারে সর্বমোট খেলোয়ার সংখ্যা কম হতে পারে।
৪. মাঠে অবশ্যই প্রত্যেক দলের ১১ (এগার) জন খেলোয়ার নিয়ে মাঠে নামতে হবে এবং খেলতে হবে।
৫. প্রত্যেক দলের নিজস্ব আলাদা জার্সি পরিধান করে খেলায় নামতে হবে ও খেলতে হবে।
৬. যে জেলাতে খেলা হবে তারা আগত অন্য জেলার খেলোয়ারদের সকল আপ্যায়নের ব্যবস্থা করবেন।
৭. খেলায় অংশ গ্রহণের জন্য কোন যাতায়াত ভাতা প্রদাণ করা হবে না।
৮. নিজ নিজ জেলা তাদের নিজস্ব উদ্যোগে খেলোয়ারদের জার্সি ক্রয় ও যাতায়াত ভাতা সংগ্রহ করবেন।
৯. খেলার সময় সকল কর্মকর্তা ও খেলোয়াররা একে অন্যের প্রতি ভাতৃপ্রতিম আচরণ করতে বাধ্য থাকবেন।
১০. প্রত্যেক খেলা সুষ্ঠুভাবে সুসম্পন্ন করতে সংশ্লিষ্ট রিজিওনাল ও জেলা কায়েদ সর্বদা সচেতন থাকবেন।
১১. কেন্দ্র হতে রেফারি ও লাইসেন্স নির্ধারণ করা হবে এবং অংশগ্রহণকারী জেলা কমিটিকে খেলার পূর্বে অবহিত করা হবে।
১২. খেলা চলাকালীন রেফারির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। যদি রেফারি ভুল সিদ্ধান্ত দিয়ে থাকে তবে তা মেনে নিতে সকলে বাধ্য থাকবে।
১৩. কোন ধরনের অর্নামেন্টস যেমন কানের দুল, গলার চেইন, ব্রেসলেটস ইত্যাদি পড়ে খেলায় অংশ গ্রহণ করা যাবে না।
১৪. প্রতিটি খেলা ২৫ মিনিট করে সর্বমোট ৫০ মিনিটের হবে। প্রথমার্ধ শেষে ৮ মিনিটের মধ্য বিরতি দেয়া হবে।
১৫. যদি কোন খেলা ড্র হয় তবে কোন অতিরিক্ত সময়ের (ইনজুরি টাইম ছাড়া) খেলা হবে না। টাইব্রেকারের মাধ্যমে উক্ত খেলা মিমাংসিত হবে।
১৬. খেলায় অফ সাইডের কোন নিয়ম জারি থাকবে না।
১৭. সেমিফাইনাল ও ফাইনাল খেলায় খেলোয়ারদেরকে বুট জুতা পরে খেলতে হবে এবং দল ভিত্তিক প্রত্যেক দলের একই রঙের মোজা, প্যান্ট ও জার্সি পরে খেলতে হবে।
১৮. সেমিফাইনাল ও ফাইনাল খেলায় পূর্ব নির্ধারিত খেলোয়ার তালিকা হতে খেলোয়ার পরিবর্তন করা যাবে। এবং সংশ্লিষ্ট রিজিওনের অন্য জেলা হতেও খেলোয়ার নেয়া যাবে তবে তা সর্বোচ্চ ৫ জনের বেশি পরিবর্তন করা যাবে না। এরকম খেলোয়ার তালিকা পরিবর্তন করতে হলে খেলা শুরু হওয়ার কমপক্ষে ৩ ঘন্টা আগে জানাতে হবে।
১৯. খেলার সময় সূচী, স্থান ও নিয়ম-নীতি কর্তৃপক্ষ যে কোন সময় পরিবর্তন, পরিবর্ধন ও বাতিলের অধিকার রাখে।